

এই কলমে

শ্যামা দাস

এই কলমে গাছ লিখেছি

এই কলমে পাখি,

এই কলমের একটি লেখায়

জানলা খুলে রাখি।

এই কলমে মেঘ লিখেছি

এই কলমে হাওয়া,

এই কলমের লেখায় রেখায়

অনেক চাওয়া পাওয়া।